




গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর
১ কারওয়ান বাজার (টিসিবি ভবন- ৮ম তলা), ঢাকা
www.dncrp.gov.bd

AP, ৩০/০৩/২০২২
২৯/০৩/২০২২



স্মারক নম্বর: ২৬.০৪.০০০০.১১২.৩৬.১৮৮.২১. ১৫২

বিষয়: ভোক্তা বাতায়ন শীর্ষক হটলাইন নম্বর ১৬১২১ প্রচার

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, জৈন্তাপুর, সিলেট
পত্র প্রাপ্তি নং: ৭/৮৫ তারিখ: ২৯/৩/২০২২
প্রতি: ২৭ মার্চ ২০২২ খ্রি:
ফরনীয়া: সি. মোস্তাফিজ

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর প্রতিষ্ঠানগণ থেকে ভোক্তা-অধিকার সংরক্ষণ, ভোক্তা-অধিকার বিরোধী কার্য প্রতিরোধ এবং ভোক্তা-অধিকার লঙ্ঘনজনিত অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে জনগণের অধিকার প্রতিষ্ঠায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। অধিদপ্তর বাজার অভিযান পরিচালনা, শুনানী গ্রহণ, অভিযোগ নিষ্পত্তি, মতবিনিময় সভার আয়োজন, জনসচেতনতা বৃদ্ধি, বিশ্ব ভোক্তা-অধিকার দিবস পালন ইত্যাদি কার্যক্রম বাস্তবায়নের মত জনস্বার্থ সম্পর্কিত গুরুত্বপূর্ণ কর্মকান্ড পরিচালনা করে থাকে বিধায় সরকারের এ প্রতিষ্ঠানের গুরুত্ব অপরিসীম। দেশে আপামর জনসাধারণের স্বার্থে ভোক্তা-অধিকার সমুন্নত রাখার লক্ষ্যে বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে বাজার তদারকি, অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তিমূলক কাজ চলমান রয়েছে।

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর জন্মশত বার্ষিকীতে ভোক্তাদের জন্য জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর কর্তৃক ভোক্তা বাতায়ন শীর্ষক হটলাইন নম্বর ১৬১২১ চালু করা হয়। গত ১৫ মার্চ ২০২০ বিশ্ব ভোক্তা-অধিকার দিবসে বাণিজ্য মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব টিপু মুনিশি এমপি হটলাইনটি শুভ উদ্বোধন করেন। দেশের প্রত্যন্ত অঞ্চলের ভোক্তাগণ যাতে ঘরে বসেই তাদের অভিযোগ দায়েরসহ ভোক্তা-অধিকার সম্পর্কিত বিভিন্ন তথ্য পেতে পারেন তা নিশ্চিত করতে চালু করা হয়েছে এ হটলাইন।

উপজেলা নির্বাহী কর্মকর্তগণ উপজেলা প্রশাসনের প্রধান নির্বাহী হিসেবে তৃণমূল পর্যায়ে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ বাস্তবায়নে কাজ করে আসছেন। ভোক্তা-অধিকার বিষয়ে সচেতনতা বৃদ্ধির জন্য উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে অনুষ্ঠিত বিভিন্ন সভা/সেমিনারে ভোক্তা বাতায়ন শীর্ষক হটলাইন নম্বর ১৬১২১ প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

(এ. এইচ. এম. সফিকুজ্জামান)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: ০২-৮১৮৯৪২৬
ইমেইল: dg@dncrp.gov.bd

উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল)

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে):

- ১। বিভাগীয় কমিশনার (সকল)
- ২। জেলা প্রশাসক (সকল)।
- ৩। মন্ত্রীর একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৪। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। পরিচালক (প্রশাসন ও অর্থ), জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
- ৬। উপপরিচালক (সকল), বিভাগীয় কার্যালয়, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর।
- ৭। সহকারী পরিচালক (সকল), জেলা কার্যালয়, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর।
- ৮। অফিস কপি।